

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৫.০২৭.০৮.১২.০১২.২০১৫-৮৩৩—যেহেতু জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, চেয়ারম্যান, রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর বিরুদ্ধে দায়েরকৃত রামগড় থানার মামলা নং-০৪/২৯, তারিখ-২৮-০৬-১৯৯৯ (জি আর ৮(ক)/১৫), এসটি ৫০/২০০১ মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, চেয়ারম্যান, রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে খাগড়াছড়ি পার্বত্য জেলার রামগড় উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়াকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

লুৎফুন নাহার  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩৮৮৭)

মূল্য : টাকা ৪.০০